

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা

স্মারক নং-৪৬.০৪২.০১৪.২১.০২.০৮৬.২০১২-২৩০২

তারিখঃ ০৯.০৬.২০১৫ খ্রিঃ।


বিষয় : চাঁদপুর জেলা পরিষদ কর্তৃক খালের পাড় লীজ প্রদান না করা সংক্রান্ত।

সূত্র : কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০৬.০০০০.০২৭.২৭.০০৮.২০১৩-৬৯, তারিখ : ১৬.২.২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'দৈনিক সংবাদ' পত্রিকায় খাল বেদখলে চাঁদপুর সেচ প্রকল্পে পানি সংকটের আশঙ্কা শীর্ষক খবর প্রকাশের প্রেক্ষিতে উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁদপুর সংশ্লিষ্ট এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনের আলোকে ভবিষ্যতে যাতে পানি প্রবাহে সমস্যার সৃষ্টি না হয় সে কারণে খালের পাড় লীজ না দেয়ার জন্য কৃষি মন্ত্রণালয় হতে অনুরোধ জানানো হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, খালের পানি প্রবাহে সমস্যার সৃষ্টি যাতে না হয় সে কারণে চাঁদপুর জেলা পরিষদ কর্তৃক খালের পাড় ভবিষ্যতে লীজ না দেয়ার বিষয়ে কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

  
০৯/৬/১৫  
(জুবাইদা নাসরিন)  
উপ সচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, চাঁদপুর।

অনুলিপিঃ

- ১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, চাঁদপুর।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।